

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

18 APRIL 2026

7:35—7:40

লোকসভায় গতকাল মহিলা সংরক্ষণ আইন সম্পর্কিত সংবিধানের ১৩১ সংখ্যক সংশোধনী বিল ২০২৬ গৃহীত হয়নি। বিলটির ওপর ভোট বিভাজনের সময় ২৯৮ টি সপক্ষে এবং ২৩০ টি বিপক্ষে ভোটদান হয়। বিলটি গৃহীত হবার জন্য দুই-তৃতীয়াংশ অর্থাৎ ৩২৬ টি ভোটের প্রয়োজন ছিলো। সরকার এই বিলটির সঙ্গে বিধানসভা কেন্দ্র পুনরনির্ধারণ বিল ২০২৬ এবং কেন্দ্রীয়শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল ২০২৬ ও সভায় উত্থাপন করেছিলো। কিন্তু এখন এই বিল দুটিও গৃহীত করা যাবে না। এর আগে এই বিলগুলির ওপর দুদিন ধরে বিতর্ক হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বিরোধী দলগুলিকে লোকসভা ও বিধানসভায় মহিলা সংরক্ষণ সহ অনুসূচিত জাতি ও অনুসূচিত জনজাতির আসন সংখ্যা বৃদ্ধির বিরোধী বলে অভিযোগ করেন। তিনি বলেন যে এই বিলসমূহের উদ্দেশ্য হচ্ছে ২০২৯ এর লোকসভা নির্বাচন যাতে মহিলা সংরক্ষণের সঙ্গে অনুষ্ঠিত হয়। শ্রী শাহ বলেন যে ইন্ডি মিত্রজোড়ের সব সদস্য মহিলা সংরক্ষণের স্পষ্টভাবে বিরোধিতা করেছে। বিরোধীরা বিলটির সপক্ষে ভোটদান না করলে গৃহীত হবে না এবং এ বিষয়ে দেশের মহিলাদের দৃষ্টি রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী নেতা তথা কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী বলেন যে নারী শক্তি বন্দন অধিনিয়ম মহিলাদের জন্য আসন সংরক্ষণ বিল নয় এবং নারী সবলীকরণের সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। সংসদে এই তিনটি বিল উত্থাপন করে নির্বাচনী মানচিত্র পরিবর্তন করার প্রয়াস করা হয়েছে বলে তিনি দাবী করেন। এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অধিনিয়মের বিরোধিতাকারীদের জনতা কখনও ক্ষমা করবেন না বলে মন্তব্য করেন।

হরিবংশ নারায়ন সিং একটানা তৃতীয়বারের জন্য রাজ্যসভার উপ-সভাপতি নির্বাচিত হয়েছেন । সংসদের নেতা জে পি নাড্ডা সংসদের উচ্চ কক্ষের উপ-সভাপতি হিসেবে হরিবংশের নাম প্রস্তাব করার পর তিনি বিনা প্রতিদ্বন্দিতায় তৃতীয়বারের জন্য গতকাল এই পদে পুনরায় মনোনীত হয়েছেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটানা তৃতীয়বারের জন্য রাজ্যসভার উপ-সভাপতি নির্বাচিত হওয়ার জন্য শ্রী হরিবংশ নারায়ন সিংকে অভিনন্দন জ্ঞাপন করেছেন । এই পদে পুনরায় নির্বাচন তার দীর্ঘদিনের অভিজ্ঞতার স্বিকৃতি বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী তার নেতৃত্বে সংসদের উচ্চ কক্ষ আরো বেশী সক্রিয় হয়ে ওঠার বিষয়টি সবাই প্রত্যক্ষ করেছেন বলে মত প্রকাশ করেন । রাজ্যসভার উপ-সভাপতি হিসেবে তার আসন্ন নতুন কার্যকালে সব সাংসদদের সামগ্রিক প্রয়াসের মাধ্যমে সভার গ্রহণযোগ্যতা তথা মর্যাদা পূর্বের তুলনায় অধিক বৃদ্ধি পাবে বলেও প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন ।

রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খার্গেও নবনির্বাচিত উপ-সভাপতিকে অভিনন্দন জানিয়েছেন ।

আসামে রান্নার গ্যাসের ঘরুয়া ও বাণিজ্যিক সিলিন্ডার সরবরাহের ক্ষেত্রে কোন অসুবিধার সৃষ্টি হয়নি বলে ভারতীয় তেল নিগম কর্তৃপক্ষ স্পষ্ট করে দিয়েছেন । গতকাল গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করে ভারতীয় তেল নিগম (আই ও সি এল)'র কার্যবাহী সঞ্চালক নীতিন ভাটনাগর এই সম্পর্কে বলেন যে রাজ্যের চারটি শোধনাগারেই বর্তমানে নিয়মিত গ্যাসের উৎপাদন তথা সরবরাহ অব্যাহত রয়েছে । শ্রী ভাটনাগর বলেন -----

বাইট

নতুন করে প্রবর্তন করা ই-কে ওয়াই সি পদ্ধতির মাধ্যমে রাজ্যের ৮৪ শতাংশ গ্রাহকের সিলিন্ডার বুক করার তথ্য প্রকাশ করে শ্রী ভাটনাগর বলেন যে বর্তমানে রাজ্যের ৯৩ লক্ষ গ্রাহককে নিয়মিত জ্বালানী সরবরাহ করা হচ্ছে । নির্ধারিত মূল্য থেকে অধিক দামে সিলিন্ডার বিক্রীর অভিযোগ সম্পর্কে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি জারি করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে এধরনের অভিযোগের ভিত্তিতে ইতিমধ্যে ৮৮ জন বিতরণকারীকে কারণ দর্শানোর নোটিশ জারি করা সহ ৬ জনকে সাময়িক বরখাস্ত করা হয়েছে । অধিক মূল্যে সিলিন্ডার বিক্রী করার অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও তিনি জানান ।

উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার ফলাফল ২১ শে এপ্রিলের পর ঘোষণা করা হবে বলে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। পরীক্ষার ফল গতকাল ঘোষণা করা হবে বলে প্রচারিত খবর ভূয়ো বলে স্পষ্টীকরণ দিয়ে শিক্ষা পর্ষদ এই বিজ্ঞপ্তি জারী করেছে। পর্ষদ ছাত্রছাত্রী তথা অভিভাবকদের ভূয়ো খবরে কান না দিতে এবং শুধুমাত্র সরকারী ওয়েবসাইটের তথ্যের ওপর বিশ্বাস রাখার আহ্বান জানিয়েছে। ফলাফল ঘোষণার সঠিক দিন ও সময় পরবর্তীতে জানানো হবে বলে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে।

চলতি বছরের হজযাত্রা আজ থেকে আরম্ভ হবে বলে উত্তর-পূর্ব হজযাত্রা অভ্যর্থনা সমিতি ঘোষণা করেছে। আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের মোট দুই হাজার ৫৬৯ জন হজযাত্রী এই যাত্রার জন্য রওয়ানা হবেন। এরমধ্যে এক হাজার ৭৬৩ জন পুরুষ ও ৮০৬ জন মহিলা হজযাত্রী রয়েছেন। উত্তর-পূর্ব হজযাত্রী অভ্যর্থনা সমিতির সভাপতি নেকিবুর জামান গৌহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বলেন যে আজ থেকে আগামী ২১ শে এপ্রিল পযরন্ত পর্যায়ক্রমে যাত্রীরা মক্কা ও মদিনাতে যাবেন।

এদিকে চারধাম যাত্রার অফলাইন পঞ্জীয়ন গতকাল থেকে আরম্ভ হয়েছে এবং ২৭১৩ জন তীর্থযাত্রী প্রথম দিনই যাত্রার জন্য পঞ্জীয়ন করেছেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে। উল্লেখ্য, অনলাইন পঞ্জীয়ন গত ৬ ই মার্চ থেকে চলছে। এ পর্যন্ত প্রায় ১৮ লক্ষ ২৩ হাজার তীর্থযাত্রী যাত্রার জন্য ডিজিটাল পদ্ধতিতে পঞ্জীয়ন করেছেন।

বিধানসভা নির্বাচন ২০২৬ পরিচালনার জন্য ভাড়া হিসেবে নিযুক্ত সব বাণিজ্যিক যানবাহন মালিক সমিতির সংশ্লিষ্ট পদাধিকারী এবং ব্যক্তিগত যানবাহন মালিকদের তাঁদের সংশ্লিষ্ট যানবাহনের ভাড়ার বিল দুই কপি করে আগামী সোমবারের মধ্যে জমা দিতে বলা হয়েছে। শিলচরের ডাক বাথলোতে অবস্থিত পরিবহন সেলে বিল জমা দিতে হবে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।
